**ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ**
**প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৪)**
**৮, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।**
**হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট**

তারিখঃ ১০ আষাঢ় ১৪৩১
২৪ জুন ২০২৪

# প্রশাসনিক পরিপত্র নং-৩৯/২০২৪

কর্পোরেশনের পরিচালনা বোর্ডের ১০ জুন ২০২৪ তারিখের ৬৪৪তম সভায় 'মেয়াদী জমা হিসাব খোলা ও রক্ষণাবেক্ষণ নীতিমালা-২০২৪' অনুমোদিত হয়েছে। পরিচালনা বোর্ড কর্তৃক অনুমোদিত 'মেয়াদী জমা হিসাব খোলা ও রক্ষণাবেক্ষণ নীতিমালা-২০২৪' কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সকলের অবগতির জন্য এতৎসঙ্গে জারি করা হলো।

**(এস. এম. সিরাজুল ইসলাম)**
সহকারী মহাব্যবস্থাপক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিবি।
২. উপ-মহাব্যবস্থাপক/সিস্টেম ম্যানেজার, আইসিবি।
৩. মহাব্যবস্থাপক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. উপ-ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. চেয়ারম্যান-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিসমূহ।
৮. আইসিবি কর্মকর্তা সমিতি, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৯. আইসিবি কর্মচারী ইউনিয়ন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. অফিস কপি।

**অনুলিপি (কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):**

সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।

# মেয়াদী জমা হিসাব খোলা ও রক্ষণাবেক্ষণ নীতিমালা-২০২৪

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

**০১.০০। পটভূমিঃ**

দেশের অর্থনৈতিক নীতিমালায় দ্রুত কার্যকরী পরিবর্তনের প্রেক্ষাপটে বিনিয়োগের ক্ষেত্র সম্প্রসারণ ও উৎসাহ প্রদান, পুঁজিবাজার উন্নয়ন, সঞ্চয় সংগ্রহ এবং প্রাসঙ্গিক সকল প্রকার সহায়তা প্রদানের ম্যান্ডেট বা উদ্দেশ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ১৯৭৬ সালের ১ অক্টোবর তারিখে "দি ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ অধ্যাদেশ, ১৯৭৬" (১৯৭৬ সালের ৪০ নং অধ্যাদেশ) বলে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) প্রতিষ্ঠা করে। দি ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (সংশোধন) আইন, ২০০০ (২০০০ সালের ২৪ নং আইন) বলে সাবসিডিয়ারি কোম্পানি গঠন ও পরিচালনার মাধ্যমে আইসিবির ব্যবসায়িক কার্যক্রম পরিচালনার কৌশল ও নীতিতে সংস্কার সাধিত হয়েছে। বর্তমানে কর্পোরেশন "ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ আইন, ২০১৪" অনুযায়ী পরিচালিত হচ্ছে।

বিনিয়োগের অন্যান্য মাধ্যমের তুলনায় পুঁজিবাজারে বিনিয়োগ অধিক ঝুঁকিপূর্ণ। দীর্ঘমেয়াদী পুঁজিবাজারে বিনিয়োগের বিপরীতে ঝুঁকি ব্যবস্থাপনা ও তারল্য নিশ্চিতকরণের লক্ষ্যে তহবিলের একটি অংশ ব্যাংক/ফাইন্যান্স কোম্পানিতে স্বল্প মেয়াদে জমা রাখা অপরিহার্য। এরই ধারাবাহিকতায় "ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ আইন, ২০১৪" এর ১৭ (গ) ধারা অনুযায়ী আইসিবি বিভিন্ন ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিতে মেয়াদী জমা হিসাব খোলা ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত কার্যাদি সম্পাদন করে থাকে। মেয়াদি জমা হিসাব খাতে বিনিয়োগকে সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে ঝুঁকি হ্রাস ও অধিকতর নিরাপদ করার লক্ষ্যে "মেয়াদী জমা হিসাব খোলা ও রক্ষণাবেক্ষণ নীতিমালা-২০২৪" প্রণয়ন করা হলো।

**০২.০০। শিরোনামঃ**

এ নীতিমালা "মেয়াদী জমা হিসাব খোলা ও রক্ষণাবেক্ষণ নীতিমালা-২০২৪" নামে অভিহিত হবে।

**০৩.০০। প্রযোজ্যতাঃ**

এ নীতিমালা কর্পোরেশনের প্রধান কার্যালয়, স্থানীয় কার্যালয় ও সকল শাখা কার্যালয় হতে ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিতে মেয়াদী জমা হিসাব খোলা ও রক্ষণাবেক্ষণের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

**০৪.০০। সংজ্ঞাঃ**

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকলে, এ নীতিমালায়-

০৪.০১. "মেয়াদী জমা হিসাব খোলা ও রক্ষণাবেক্ষণ" অর্থ ০৩ মাস, ০৬ মাস, ০৯ মাস ও ১২ মাস মেয়াদে ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিতে অর্থ জমা রাখা এবং এতদ্‌সংক্রান্ত প্রাসঙ্গিক কার্যাদি সম্পাদন;

০৪.০২. "ব্যাংক" অর্থ ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ (২০১৩ পর্যন্ত সংশোধিত) এর অধীনে বাংলাদেশ ব্যাংক হতে লাইসেন্সপ্রাপ্ত/সংবিধিবদ্ধ ব্যাংক;

০৪.০৩. "ফাইন্যান্স কোম্পানি" অর্থ ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর অধীন বাংলাদেশ ব্যাংক হতে লাইসেন্স প্রাপ্ত কোনো ফাইন্যান্স কোম্পানি;

০৪.০৪. "কোম্পানি" অর্থ কোম্পানি আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮নং আইন) এর ধারা ২ (ঘ) এ সংজ্ঞায়িত কোম্পানি এবং আপাতত বলবৎ অন্য কোন আইনের অধীন বাংলাদেশে স্থাপিত বা নিগমিত বিধিবদ্ধ কোন সংস্থা;

০৪.০৫. "কর্পোরেশন" অর্থ ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ আইন, ২০১৪ এর অধীন প্রতিষ্ঠিত ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি);

০৪.০৬. "আর্থিক বিবরণী" অর্থ অন্তর্বর্তীকালীন বা চূড়ান্ত স্থিতিপত্র, আয় বিবরণী বা লাভ ও লোকসান হিসাব, ইক্যুইটি পরিবর্তনের বিবরণী, নগদ প্রবাহ বিবরণী, টীকা ও অপরাপর বিবরণী এবং এর উপর ব্যাখ্যামূলক বিবৃতি;

০৪.০৭. "বোর্ড" অর্থ কর্পোরেশনের পরিচালনা বোর্ড;

০৪.০৮. "ব্যবস্থাপনা পরিচালক" অর্থ কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক এবং ব্যবস্থাপনা পরিচালকের কার্যাবলী সম্পাদনের জন্য সাময়িকভাবে দায়িত্বপ্রাপ্ত যে কোন ব্যক্তিও এর অন্তর্ভূক্ত হবে;

০৪.০৯. ''কাউন্টার পার্টি'' অর্থ আর্থিক লেনদেন সম্পাদনের বিপরীত পক্ষ;

০৪.১০. ''ইক্যুইটি'' অর্থ শেয়ারহোল্ডারগণের মালিকানা;

০৪.১১. "তহবিল ব্যবস্থাপনা কমিটি" অর্থ অত্র নীতিমালার ০৫.০৫ (গ) অনুচ্ছেদে উল্লিখিত কমিটি।

**০৫.০০। আইসিবি কর্তৃক মেয়াদী জমা হিসাব খোলার ক্ষেত্রে বিবেচনীয় বিষয়সমূহঃ**

০৫.০১) মেয়াদী জমা হিসাব খোলার ক্ষেত্রে ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি হতে অফার লেটারের মাধ্যমে প্রস্তাব গ্রহণ করতে হবে। উক্ত প্রস্তাবে মেয়াদী জমার পরিমাণ, মেয়াদকাল ও সুদ হার উল্লেখ থাকবে।

০৫.০২) মেয়াদী জমা হিসাব খোলার ক্ষেত্রে বিনিয়োগের জন্য প্রস্তাব প্রদানকারী ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানির ইক্যুইটির ভিত্তিতে বিনিয়োগের সর্বোচ্চ সীমা নির্ধারিত হবে। বিনিয়োগ গ্রহণকারী "ব্যাংক" এর জন্য ইক্যুইটির সর্বোচ্চ সীমা ৫.০০% ও "ফাইন্যান্স কোম্পানির" জন্য ২.৫০%।

**ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানির জন্য কাউন্টারপার্টি সীমাঃ**

| Sl. No. | Indicators | Score | Criteria |
|---|---|---|---|
| 01. | Capital Adequacy Ratio | ১০ | ১২.৫০% এর সমান বা তদুর্ধ্বের জন্য ১০; ১২.০০-১২.৪৯% এর জন্য ৯; ১১.২৫-১১.৯৯% এর জন্য ৮; ১১.০০%-১১.২৪ এর জন্য ৭; ১০-১০.৯৯% এর জন্য ৬; ৯.৯৯-৮% এর জন্য ৫; ৮% এর নীচে ০। |
| 02. | Equity to Total Asset Ratio | ৫ | ১০% এর সমান বা তদুর্ধ্বের জন্য ৫, ৫-৯.৯৯% এর জন্য ৪, ৫% এর নীচে ৩। |
| 03. | Liquidity Coverage Ratio (LCR) | ৫ | ১০০% এর জন্য ২, ১০০.০১-১১০% এর জন্য ৩, ১১০.০১-১২০% এর জন্য ৪ এবং ১২০% এর উপরে ৫। |
| 04. | Classified Loan | ২০ | ৫% এর সমান বা এর নীচের জন্য ২০, ৫.০১-১০% এর জন্য ১৫, ১০.০১-১৫% এর জন্য ১০, ১৫.০১-২০% এর জন্য ৫ এবং ২০% এর উপরে ০। |
| 05. | AD Ratio | ১০ | ৬০% এর সমান বা এর নীচের জন্য ১০, ৬০.০১-৬৫% এর জন্য ৮, ৬৫.০১-৭০% এর জন্য ৬, ৭০.০১-৭৫% এর জন্য ৪, ৭৫.০১-৮০% এর জন্য ৩, ৮০.০১-৮৫% এর জন্য ২, ৮৫% এর বেশির জন্য ০। |
| 06. | Liquid asset to total asset | ৫ | ৪০% এর সমান বা তদুর্ধ্বের জন্য ৫, ৩৫-৩৯.৯৯% এর জন্য ৪, ৩০-৩৪.৯৯% এর জন্য ৩, ২৫-২৯.৯৯% এর জন্য ২, ২০-২৪.৯৯% এর জন্য ১, ২০% এর নীচে ০। |
| 07. | CAMELS Rating | ৫ | রেটিং ১ এর জন্য ৫, রেটিং ২ এর জন্য ৪, রেটিং ৩ এর জন্য ৩, রেটিং ৩ এর বেশির জন্য ০। |
| 08. | ROA | ৫ | ২.৫% এর সমান বা তদুর্ধ্বের জন্য ৫, ২-২.৪৯% এর জন্য ৪, ১.৫-১.৯৯% এর জন্য ৩, ১-১.৪৯% এর জন্য ২, ১% এর নীচে ০। |
| 09. | ROE | ৫ | ২০% এর সমান বা তদুর্ধ্বের জন্য ৫, ১৫-১৯.৯৯% এর জন্য ৪, ১০-১৪.৯৯% এর জন্য ৩, ০৫-৯.৯৯% এর জন্য ২, ৫% এর নীচে ১। |
| 10. | Debt Equity Ratio | ৫ | ১-৪.৯৯% এর জন্য ৫, ৫-৯.৯৯% এর জন্য ৪, ১০-১৪.৯৯% এর জন্য ৩, ১৫-১৯.৯৯% এর জন্য ২, ২০-২৪.৯৯% এর জন্য ১, ২৫% এবং এর উপরে ০। |
| 11. | Credit Rating | ১০ | Long Term: AAA: ৭, $AA^{+}$: ৬ , AA: ৫ , $AA^{-}$: ৪ , $A^{+}$: ৩, A: ২, $A^{-}$: ১।<br>Short Term: ST-1: ৩, ST-2: ২, ST-3: ১। |
| 12. | Year of incorporation | ৫ | ১৯৭১ হতে ১৯৯০-৫; ১৯৯১ হতে ২০০০-৪; ২০০১ হতে ২০১০-৩; >২০১০-২ |
| 13. | Earnings per share | ৫ | ৫ এর সমান বা তদুর্ধ্বের জন্য ৫; ৪.০০-৪.৯৯ এর জন্য ৪, ৩-৩.৯৯ এর জন্য ৩, ২-২.৯৯ এর জন্য ২, ১-১.৯৯ এর জন্য ১ এবং ১ এর নীচে ০। |
| 14. | Qualitative Judgment | ৫ | বাস্তব প্রেক্ষাপট, চলমান পরিস্থিতি এবং অন্যান্য প্রাসঙ্গিক বিষয়সমূহ বিবেচনাপূর্বক তহবিল ব্যবস্থাপনা কমিটি স্কোর নির্ধারণ করবে। |
| | **Total Score** | **১০০** | |

০৫.০৩) সর্বশেষ নিরীক্ষিত তথ্যের ভিত্তিতে স্কোর নির্ধারণ করা যাবে। তবে এক্ষেত্রে ১ বছরের বেশী সময়ের পূর্ববর্তী তথ্য বিবেচনাযোগ্য হবেনা। কোন ক্ষেত্রে স্কোরের সব তথ্য পাওয়া না গেলে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে মোট স্কোর এর বিপরীতে স্কোর নির্ধারণ করা হবে। ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানির জন্য কাউন্টারপার্টি সীমা নির্ধারণের পর প্রাপ্ত স্কোর ৬০ এর সমান বা নিচে হলে বিনিয়োগের জন্য বিবেচ্য হবে না।

**উদাহরণঃ** ধরা যাক, একটি ব্যাংকের ইক্যুইটি ১০০০.০০ কোটি টাকা এবং নিরীক্ষিত তথ্যের ভিত্তিতে অর্জিত স্কোর ৮০%। নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন মোতাবেক ব্যাংক এর লিমিট নির্ধারণ প্রক্রিয়া নিম্নরূপঃ

(কোটি টাকায়)

| ইক্যুইটি | সর্বোচ্চ সীমা ইক্যুইটির ৫% | স্কোর | বিবেচনাযোগ্য ওয়েটেড এভারেজ লিমিট |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ (২X৩) |
| ১০০০.০০ | ৫০.০০ | ৮০.০০% | ৪০.০০ |

**উদাহরণঃ** প্রতিষ্ঠানটি ফাইন্যান্স কোম্পানি হলে লিমিট নির্ধারণ প্রক্রিয়া নিম্নরূপঃ

(কোটি টাকায়)

| ইক্যুইটি | সর্বোচ্চ সীমা ইক্যুইটির ২.৫% | স্কোর | বিবেচনাযোগ্য ওয়েটেড এভারেজ লিমিট |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ (২X৩) |
| ১০০০.০০ | ২৫.০০ | ৮০.০০% | ২০.০০ |

৫.০৪) স্কোর ভিত্তিক কাউন্টার পার্টি সীমা নির্ধারণ করা হলে আর্থিকভাবে স্বচ্ছল ও অধিকতর যোগ্যতা সম্পন্ন প্রতিষ্ঠানের কাউন্টার পার্টি সীমা বৃদ্ধি পাবে এবং কম যোগ্যতাসম্পন্ন এবং আর্থিকভাবে অপেক্ষাকৃত কম স্বচ্ছল প্রতিষ্ঠানের কাউন্টার পার্টি সীমা কমবে। এতে কর্পোরেশনের বিনিয়োগের গুনগত মান বৃদ্ধি পাবে এবং কর্পোরেশনের মেয়াদী জমা খাতে বিনিয়োগ ঝুঁকি অপেক্ষাকৃত কম হবে।

৫.০৫) ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিতে বিনিয়োগের ক্ষেত্রে পরিপালনীয় বিষয়ঃ

**(ক) ব্যাংকে বিনিয়োগের ক্ষেত্রেঃ**

মেয়াদী জমা স্কীমে বিনিয়োগ প্রস্তাব কর্পোরেশনের তহবিল ব্যবস্থাপনা কমিটিতে উপস্থাপনের ক্ষেত্রে প্রস্তাবনায় সর্বশেষ রেটিং মানসহ ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানির মোট বিনিয়োগের পরিমাণ ও শতাংশে বিনিয়োগের হারসহ প্রয়োজনীয় অন্যান্য তথ্য উল্লেখপূর্বক টেমপ্লেট সংযুক্ত করতে হবে।

০১) এ নীতিমালার আলোকে নির্ধারিত সীমার মধ্যে যে সকল ব্যাংকের CAMELS Rating এর নির্ণীত মান ১-৩ এর মধ্যে এবং Capital Adequacy Ratio এর মান ৮ এর সমান বা তদুর্ধ্ব, সে সকল ব্যাংকে বিনিয়োগ/নবায়ন/আংশিক আদায় পূর্বক অবশিষ্ট অংশ পুনঃবিনিয়োগের ক্ষেত্রে ফান্ড ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট তহবিল ব্যবস্থাপনা কমিটির মাধ্যমে প্রস্তাব পেশ করবে। মেয়াদী জমা হিসাবে বিনিয়োগের বিষয়ে তহবিল ব্যবস্থাপনা কমিটির সুপারিশ এবং ব্যবস্থাপনা পরিচালকের অনুমোদনক্রমে বিনিয়োগ কার্যক্রম সম্পাদন করতে হবে।

০২) চতুর্থ জেনারেশন ব্যাংকে নতুন বিনিয়োগসহ নবায়ন/আংশিক আদায় পূর্বক পুনঃবিনিয়োগের ক্ষেত্রে ডিপার্টমেন্টাল, তহবিল ব্যবস্থাপনা কমিটি ও ব্যবস্থাপনা পরিচালকের অনুমোদনক্রমে বিনিয়োগ সম্পাদন করতে হবে।

**খ) ফাইন্যান্স কোম্পানিতে বিনিয়োগের ক্ষেত্রেঃ**

০১) ফাইন্যান্স কোম্পানিতে বিনিয়োগের ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সার্কুলারসমূহ অনুসরণ করতে হবে।

০২) ফাইন্যান্স কোম্পানিতে বিনিয়োগ/নবায়ন/আংশিক আদায় পূর্বক অবশিষ্ট অংশ পুনঃবিনিয়োগের ক্ষেত্রে ডিপার্টমেন্টাল ও তহবিল ব্যবস্থাপনা কমিটির সুপারিশসহ ব্যবস্থাপনা পরিচালকের অনুমোদনক্রমে বিনিয়োগ সম্পাদন করতে হবে।

**(গ) তহবিল ব্যবস্থাপনা কমিটিঃ**

কর্পোরেশনের “তহবিল ব্যবস্থাপনা কমিটি” নিম্নোক্তভাবে গঠিত হবে:

| | | |
|---|---|---|
| ০১) | উপ-ব্যবস্থাপনা পরিচালক | সভাপতি |
| ০২) | মহাব্যবস্থাপক (অ্যাকাউন্টস্ এন্ড ফাইন্যান্স) | সদস্য |
| ০৩) | মহাব্যবস্থাপক (অপারেশনস্) | সদস্য |
| ০৪) | মহাব্যবস্থাপক (ব্রাঞ্চ এন্ড সাবসিডিয়ারি) | সদস্য |
| ০৫) | উপ-মহাব্যবস্থাপক (ফাইন্যান্স ডিভিশন) | সদস্য |
| ০৬) | উপ-মহাব্যবস্থাপক (ইন্টারনাল কন্ট্রোল এন্ড কমপ্লায়েন্স ডিভিশন) | সদস্য |
| ০৭) | সহকারী মহাব্যবস্থাপক, ফান্ড ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট | সদস্য সচিব |

**কার্যপরিধিঃ**

কমিটি সময়ে সময়ে ফান্ডের খরচ ও লাভজনতা বিশ্লেষণপূর্বক তহবিল ব্যবস্থাপনা বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবে। এছাড়া, কমিটি কর্পোরেশনের তহবিলের উৎস অনুসন্ধান ও চিহ্নিতকরণ, তলবি ঋণসহ তহবিল সংগ্রহ এবং মেয়াদি আমানতে বিনিয়োগসহ অধিকতর লাভজনক খাতে যথাযথভাবে বিনিয়োগ করার বিষয়ে ব্যবস্থাপনা পরিচালককে সিদ্ধান্ত গ্রহণে সহায়তা প্রদান করবে।

০১) অন্যূন ৪ (চার) জন সদস্যদের উপস্থিতিতে কমিটির কোরাম পূর্ণ হবে।

০২) সভাপতির অনুপস্থিতিতে কমিটির জ্যেষ্ঠতম সদস্য সভাপতির দায়িত্ব পালন করবেন।

**০৬.০০। অন্যান্য শর্তাবলীঃ**

বিনিয়োগের পূর্বে মেয়াদী জমা হিসাব খোলা ও রক্ষণাবেক্ষণ খাতে বিনিয়োগের বিষয়টি নিম্নোক্তভাবে বিবেচ্য হবেঃ

ক) রাষ্ট্র মালিকানাধীন ব্যাংকের ক্ষেত্রে বিনিয়োগের শর্ত শিথিলযোগ্য হবে।

(খ) রাষ্ট্র মালিকানাধীন ব্যাংক ব্যতীত অন্যান্য ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিতে CAMELS Rating এর নির্ণীত মান ০৩ এর ঊর্ধ্বে হলে বিনিয়োগের জন্য বিবেচিত হবে না।

(গ) চতুর্থ জেনারেশন ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিতে বিনিয়োগের পূর্বে প্রতিষ্ঠানসমূহের সর্বশেষ নিরীক্ষিত আর্থিক বিবরণী পর্যালোচনা করতে হবে।

(ঘ) বিনিয়োগ হতে কাঙ্খিত মুনাফা অর্জনের লক্ষ্যে দ্রুততম সময়ের মধ্যে সুদহার নির্ধারণ বা সুদহার নির্ধারণের কার্যোত্তর অনুমোদন ক্ষমতা ব্যবস্থাপনা পরিচালক সংরক্ষণ করবেন।

(ঙ) তহবিল ব্যবস্থাপনা কমিটির সুপারিশ এবং ব্যবস্থাপনা পরিচালকের অনুমোদনক্রমে মেয়াদী জমা হিসাব খোলার ক্ষেত্রে প্রতি ত্রৈমাসিক ভিত্তিতে বোর্ডকে অবহিত করতে হবে।

**০৭.০০। বিশেষ প্রেক্ষাপটে জারীকৃত বিধি-বিধান পরিপালনঃ**

এ নীতিমালায় উল্লেখ না থাকলেও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ ব্যাংক ও বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (BSEC) কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সংশ্লিষ্ট নির্দেশনা বাস্তবতার প্রেক্ষাপট বিবেচনায় নিয়ে পরিচালনা বোর্ডের অনুমোদনক্রমে পরিপালন করা যাবে।

**০৮.০০। বিবিধঃ**

**০৮.০১)** সময়ে সময়ে প্রয়োজনীয় ক্ষেত্রে এ নীতিমালা সংশোধন, সংযোজন, রহিতকরণ একমাত্র আইসিবি পরিচালনা বোর্ডের অনুমোদনক্রমে সম্পন্ন হবে।

**০৮.০২)** এ নীতিমালায় অন্তর্ভূক্ত নয় অথচ প্রাসঙ্গিক এসকল ক্ষেত্রে আইসিবি পরিচালনা বোর্ডের অনুমোদন নিতে হবে।